গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ,দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: ১৭৮

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি:

(সূত্র: স্মারক নং-১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৭০২ তারিখ: ২৪/০৮/২০২৬)
২য় রিলিজ স্লিপে মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

| ক্র. নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরমপূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহণের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক Application ID ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরমপূরণ করে প্রিন্ট কপি নিতে হবে। | ৩১/০৮/২০২৬ থেকে ০৮/০৯/২০২৬ |
| (খ) | ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে চূড়ান্ত ভর্তি ফরমসহ রেজিস্ট্রেশন ফি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমাদানের পর চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার তারিখ: | ০১/০৯/২০২৬ থেকে ০৯/০৯/২০২৬ |
| (গ) | কলেজ কর্তৃক ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:<br>কলেজ কর্তৃপক্ষকে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোনো শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গরমিল পরিলক্ষিত হতে সংশ্লিষ্ট কলেজ কর্তপক্ষে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবরে জানাতে হবে। | ০২/০৯/২০২৬ থেকে ১০/০৯/২০২৬ |

**ভর্তি ফি এর পরিমাণ:**

| বিভাগের নাম/বিভাগ সহকারীর মোবাইল নম্বর | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|
| বাংলা (০১৭১৮৬৭৫৫৩২), ইংরেজি (০১৭১৯৭৪৯৯৮৪), অর্থনীতি (০১৭৭৩৭২৩৫৭১), দর্শন (০১৭৩৩৫২৬৭৯৫), ইতিহাস (০১৭২১০১২১১৬), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (০১৭২১০০৯৪১৭), সমাজবিজ্ঞান (০১৭১০০৪৬৮৭৮), রাষ্ট্রবিজ্ঞান (০১৭৩৭৯১০৪২৮), | ৫৪৭৫/- | সকল বিভাগের পরিশোধকৃত মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা |
| হিসাববিজ্ঞান (০১৭১৬৫১০৪৭১) ও ব্যবস্থাপনা (০১৭৩৮১৪৯৮৪৫) | ৫৫৩৫/- | |
| পদার্থবিদ্যা (০১৩০৭৫০১৬০৫) | ৬২৫০/- | |
| রসায়ন (০১৭৩১২৭৩৯২৩) | ৬৩০০/- | |
| গণিত (০১৭১৮৯৭০২৬২) | ৬৩১০/- | |
| উদ্ভিদবিদ্যা (০১৭৫১০৭৬৭৮২) | ৬২০০/- | |
| প্রাণিবিদ্যা (০১৭৪৪৫৭০৪০৩) | ৬২০০/- | |

**বিশেষ জরুরি দ্রষ্টব্য:** কলেজের ওয়েব সাইটের মাধ্যমে ভর্তির সময় অবশ্যই শিক্ষার্থীর নিজের সচল মোবাইল নম্বর ব্যবহার করতে হবে এবং উক্ত মোবাইল নম্বর কলেজের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা পর্যন্ত অবশ্যই ব্যবহার করতে হবে। কোনক্রমেই পিতা/মাতা/আইনত বৈধ অভিভাবক ছাড়া ভাই, বোন, আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব বা অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না। কলেজের সকল গুরুত্বপূর্ণ নোটিশ মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে জানানোর স্বার্থে অবশ্যই বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১। **ভর্তির সময় নিম্নবর্ণিত কাজগপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে:**

(ক) ভর্তির জন্য উত্তোলিত চূড়ান্ত ভর্তি ফরম ও ভর্তি ফি জমাদানের অনলাইনের প্রিন্ট কপি।

(খ) ভর্তির প্রাথমিক আবেদনের মূল ফরম।

(গ) এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র ও ০১ (এক) সেট ফটোকপি খামে জমা দিতে হবে।

(ঘ) খামের উপরে শিক্ষার্থীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল এ্যাড্রেস ও ব্লাড গ্রুপ লিখতে হবে।

(ঙ) কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে মূল কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই প্রদর্শন করতে হবে এবং বিভাগীয় প্রধান তা যাচাইপূর্বক উক্ত শিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন। কোটার স্বপক্ষের মূল কাগজপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

(চ) বিভাগ হতে অঙ্গীকারনামা সংগ্রহ করে পূরণপূর্বক স্বাক্ষরসহ সংশ্লিষ্ট বিভাগের জমা দিতে হবে।

(ছ) শিক্ষা বোর্ড বৃত্তিপ্রাপ্তদের বৃত্তি গেজেটের কপি, ব্যাংক স্টেটমেন্ট ও বৃত্তি ফরম অবশ্যই জমা দিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

২। **ভর্তি বাতিল সংক্রান্ত নিয়মাবলি:**

(ক) মনোনীত প্রার্থী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০৬/০৯/২০২৬ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের **১ম বর্ষ** স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(খ) কোন শিক্ষার্থী চূড়ান্ত ভর্তির পর যদি কোনো কারণে ভর্তি বাতিল করতে চায় তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান অনুসরণপূর্বক নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে ভর্তি বাতিল করতে হবে।

**বি: দ্র: নির্ধারিত তারিখের মধ্যে উত্তীর্ণ প্রার্থী ভর্তি হতে ব্যর্থ হলে উত্তীর্ণ আবেদনকারীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ/ভর্তি কমিটি কোনরূপ দায়-দায়িত্ব বহন করবে না।**

**প্রয়োজনে: জনাব মো. রকিবুল হাসান, সহকারী অধ্যাপক, রসায়ন (মোবাইল নম্বর: ০১৭২৩৩৮৪৩৮১), জনাব মো. আব্দুল মোমেন, সহকারী অধ্যাপক, ইংরেজি (মোবাইল নম্বর: ০১৭২০১৫৮২০৭), জনাব মো. নুরন্নবী, প্রভাষক, উদ্ভিদবিদ্যা (মোবাইল নম্বর: ০১৭৬৫২৩৮৫৪৮) ও জনাব মো. সিরাজুল ইসলাম, প্রভাষক, প্রাণিবিদ্যা (মোবাইল নম্বর: ০১৭৬৪৬৩১০৪০)**

প্রতিস্বাক্ষরিত

৩০/০৬/২০২৬

(প্রফেসর মোঃ লুৎফর রহমান)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

৩০/০৬/২০২৬

(প্রফেসর মো. রাকিবুল ইসলাম)
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি ২০২৫-২০২৬
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ
৩. হিসাব শাখা/ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
৪. অফিস কপি